বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙার প্রতিবাদে মেহেরপুরে মহিলা আওয়ামী লীগের বিক্ষোভ

একাত্তরের পরাজিত শক্তি জামাত শিবির ও উগ্র মৌলবাদী গোষ্ঠী কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে প্রতিবাদী সভা ও বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগ।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিনের নেতৃত্বে প্রতিবাদী সভা ও বিক্ষোভ মিছিল হয়।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর উপজেলার সভানেত্রী সুফিয়া আখতার জামিলা, শহর সাংগঠনিক সম্পাদক ছফুরা খাতুন, মুজিবনগর উপজেলার সাধারাণ সম্পাদিকা মিনুয়ারা খাতুন, মেহেরপুর সদর থানার যুগ্ন সম্পাদিকা বেদানা খাতুনসহ বিভিন্ন ইউনিয়ন থেকে আসা মহিলা আওয়ামী লীগের নেতাকর্মীরা অংশ গ্রহণ করেন।

শৈলকুপায় নবাগত সাংবাদিকদের সাথে ইউএনও”র মত বিনিময়

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার নবাগত নির্বহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা উপজেলায় কর্মরত সকল সাংবাদিকের সাথে মত বিনিময় করেছেন। মঙ্গলবার বিকাল ৪টায় উপজেলা পরিষদ মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভার প্রথমে প্রেসক্লাব সভাপতি এম হাসান মুসা ও সাধারণ সম্পাদক শাহিন আক্তার পলাশ সাংবাদিকদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা দিয়ে তাকে বরণ করে নেন। সাংবাদিকদের সাথে আলাপকালে নবাগত ইউএনও সকল ধরনের সহযোগিতা কামনা করেন। সাংবাদিকদের পক্ষথেকে তাকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়।

করোনায় দেশে আরও ৩২ মৃত্যু, নতুন শনাক্ত ২২০২

করোনাভাইরাসে দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ৩২ জনের মৃত্যু হয়েছে। আর নতুন রোগী শনাক্ত হয়েছে ২ হাজার ২০২ জন।

মঙ্গলবার বিকালে স্বাস্থ্য অধিদফতর এক বুলেটিনে দেশে করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতির সর্বশেষ এই তথ্য জানিয়েছে।

গত ২৪ ঘণ্টায় নতুন শনাক্ত ২ হাজার ২০২ জনকে নিয়ে দেশে আক্রান্তে সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪ লাখ ৮১ হাজার ৯৪৫ জন। আরও ৩২ জনের মৃত্যুতে মৃতের সংখ্যা বেড়ে ৬ হাজার ৯০৬ জন হয়েছে।

গত একদিনে বাসা ও হাসপাতালে চিকিৎসাধীন আরও ২ হাজার ৫৭১ জন রোগী সুস্থ হয়ে উঠেছেন। এ নিয়ে সুস্থ রোগীর মোট সংখ্যা বেড়ে ৪ লাখ ১ হাজার ১৯৪ জন হয়েছে।

দেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল গত ৮ মার্চ। এর ১০ দিনের মাথায় ১৮ মার্চ প্রথম মৃত্যুর খবর আসে।

গত বছরের ডিসেম্বরে চীনে করোনাভাইরাসের উপদ্রব শুরু হয়। এটি বর্তমানে বিশ্বের ২১৩ দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে। ১১ মার্চ কোভিড ১৯-কে বৈশ্বিক মহামারী ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

ঝিনাইদহে পুষ্টি বিষয়ে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ শুরু

ঝিনাইদহে খাদ্য ভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। মঙ্গলবার সকালে সদর উপজেলার

মধুপুরে অবস্থিত বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এ প্রশিক্ষণ শুরু হয়। এসময় উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির উর্দ্ধতন বৈজ্ঞনিক কর্মকর্তা নুর আলম সিদ্দিকী, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃপাংশু শেখর বিশ্বাস, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অধ্যক্ষ জাহিদুল আমিন, বারটান’র বৈজ্ঞানিক কর্মকর্তা সোনিয়া শারমিন, সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা শহিদুল ইসলামসহ অন্যান্যরা। ৩ দিন ব্যাপী পুষ্টি বিষয়ক এ কর্মশালায় ঝিনাইদহ ও মাগুরা জেলা বিভিন্ন উপজেলার ৬০ জন কৃষি কর্মকর্তা, শিক্ষক, ইমাম, পুরোহিত ও কৃষক-কষাণীকে প্রশিক্ষণ প্রদাণ করা হবে। মঙ্গলবার থেকে শুরু হওয়া এ প্রশিক্ষণ চলবে আগামী ১০ ডিসেম্বর পর্যন্ত।

ঝিনাইদহ ঝিনুকমালা আবাসনে লেডিস ক্লাবের কম্বল বিতরণ

ঝিনাইদহ টিটিসি সংলগ্ন ঝিনুকমালা আবাসন প্রকল্পে বসবাসকারী ৩ শতাধিক শীতার্থ মানুষের মাঝে ঝিনাইদহ লেডিসক্লাবের উদ্যোগে মঙ্গলবার সকালে কম্বল বিতরণ করা হয়েছে। নারী-পুুরুষ, বৃদ্ধ ও শিশুসহ বিভিন্ন শ্রেনীর শীতার্থদের তালিকা করে তাদেরকে এ কম্বল দেয়া হয়।

লেডিস ক্লাবের এ কম্বল বিতরণকালে ঝিনাইদহ লেডিস ক্লাবের সভাপতি শ্যামলী রানী নাথের সভাপতিত্বে উপস্থিত ছিলেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, এসিল্যান্ড আব্দুল্লাহ আল মামুন, মহিলা বিষয়ক কর্মকর্তা নিলুফা রহমানসহ লেডিস ক্লাবের অন্যান্য সদস্যাগণ।
অসহায় শীতার্থরা ঝিনাইদহ লেডিস ক্লাবের কম্বল হাতে পেয়ে আনন্দ উল্লাস প্রকাশ করেন।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে ঝিনাইদহে স্বাচিপের মানববন্ধন

কুষ্টিয়াতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীন ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

মঙ্গলবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ)। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ জেলায় কর্মরত চিকিৎসকরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন জেলা শাখার ভারপ্রাপ্ত সভাপতি ডা: মুন্সী রেজা সেকেন্দার, স্বাধীনতা চিকিৎসক পরিষদ জেলা শাখার সদস্য সচিব ডা: রাশেদ আল মামুন, ঝিনাইদহের সিভিল সার্জন ডা: সেলিনা বেগম, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা: জাহিদ আহম্মেদ, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: হারুন-অর রশীদ, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: শামীম কবির, সদর হাসপাতালের কনসালটেন্ট (মেডিসিন) ডা: জাকির হোসেন, সিনিয়র কনসালটেন্ট (গাইনী ও অবস) ডা: আলাউদ্দিন, চিকিৎসক ডা: প্রসেনজিৎ বিশ্বাস পার্থ, ডা: সাজ্জাদ রহিমী, ডা: কনক হোসেন, ডা: মিথিলা পারভীন, ডা: লিমন পারভেজসহ অন্যান্যরা।

স্বাপিচ জেলা শাখার সদস্য সচিব ডা: রাশেদ আল মামুন তার বক্তব্যে, কুষ্টিয়ায় নির্মাণাধীন ভাস্কর্য ভাংচুরের ঘটনায় গ্রেফতারকৃতদের দৃষ্টান্তমুলক শাস্তির দাবি জানান। সেই সাথে দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ভাস্কর্যের নিরাপত্তা দিতে সরকারের হস্তক্ষেপ কামনা করেন।

গাংনীতে ফিড ব্যাবসায়ী জাফর ইকবালের লাশ উদ্ধার

মেহেরপুরের গাংনীর উপজেলা পিয়াস পোল্ট্রি ফিডের মালিক জাফর ইকবালের মরদেহ উদ্ধার করেছে মিরপুর থানা পুলিশ। আজ মঙ্গলবার সকালে কুষ্টিয়ার মিরপুর থানার পুলিশ বলিদাপাড়া মাঠ থেকে ঝুলন্তাবস্থায় মরদেহ উদ্ধার করে। জাফর ইকবাল গাংনী উপজেলার গোপালনগর গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফজলুল হকের ছেলে। তার মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে।

কুষ্টিয়া- মিরপুর থানা পুলিশ পরিদর্শক (তদন্ত) শুভ্র প্রকাশ দাস জানান, দুপুরে স্থানীয়দের সংবাদের ভিত্তিতে বলিদাপাড়া মসলেম মন্ডলের তামাকের জমির একটি নিম গাছে ঝুলন্ত অবস্থায় একটি লাশ উদ্ধার করা হয়। লাশ উদ্ধারের পর আমরা পরিচয় জানার চেষ্টা করি। মৃত ব্যক্তির নাম জাফর ইকবাল, তিনি গাংনী উপজেলার গোপালনগর গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফজলুল হকের ছেলে। তার পরিবারের নিকট সংবাদ পাঠানো হয়েছে। মরদেহ কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করে ময়না তদন্ত শেষে পরিবারের নিকট হস্তান্তর করা হবে।

পারিবারিক সূত্রে বলছে প্রতিদিনের ন্যায় গতকাল সোমবার সকালে ব্যবসায়ীক কাজে সে বাড়ী থেকে বের হয়ে যায়। দিন শেষে আর বাড়ি ফিরে আসেনি। তাকে অনেক খোজাখুজি করে তাকে পাওয়া যায়নি।

গাংনীতে দু সহোদরের শোষন আর অত্যাচারে অতিষ্ঠ একটি পরিবার

মেহেরপুরের গাংনীর কলেজ পাড়ায় দু সহোদর শরিফুল শফিউলের শোষন আর অত্যাচারে অতিষ্ঠ হয়ে পড়েছে ঘর বন্দি হয়ে বাড়ি ছাড়তে বাধ্য হচ্ছে একটি পরিবার। পৌর সভার নিয়মকানুন ভঙ্গ করে বাড়ির সামনে অবৈধ প্রাচীর ও খড়ির ঘর নির্মানের ফলে পরিবারটি গৃহবন্দী হয়ে পড়েছে। শুধু তাই নয়, বৈদুতিক সংযোগ দিতে পল্লী বিদ্যুতকে বাধা দেয়ায় ওই

পরিবারটি অন্ধকারে নিমজ্জিত। বিষয়টি পৌর মেয়রকে জানানোর পরও কোন সুরাহা না হওয়ায় নানা সমালোচনা চলছে সচেতন মহলে। অনেকেই বলছেন, ওই সহোদরের খুঁটির জোর কোথায়?

জানা গেছে, গাংনীর কলেজ পাড়ার বাসিন্দা কাকলী খাতুন বছর ত্রিশেক আগে ৬ শতাংশ জমির উপর বসতবাড়ি নির্মাণ করেন। সেসময় কিছুদিন সে বাড়িতে বসত করার পর বাড়িটি তালাবদ্ধ করে ঢাকাতে যান। বছর দশেক আগে বেসরকারী বিদ্যাপীঠ লাইসিয়ামকে ভাড়া দেন। কিছুদিন আগে লাইসিয়াম বিদ্যালয়টি স্থানান্তর হলে কাকলী আবারো বসত ভিটায় ফিরে আসেন। সম্প্রতি দু’ভায়ের রোষানলে পড়েছেন ওই বাড়ির মালিক কাকলী খাতুন। তিনি যে পথ দিয়ে বের হতেন ওই পথে আলাদা প্রাচীর নির্মাণ করেন শরিফুল । সেই সাথে নির্মাণ শুরু করেন একটি খড়ির ঘর। ফলে কাকলীর পরিবারের লোকজনের বাড়ি থেকে বের হবার সমস্ত পথ বন্ধ হয়ে যায়।

কাকলী খাতুন আরো জানান, দু ভাই শরিফুল ও সফিউল বারবার অনুরোধ করেও কোন সুরাহা না হওয়ায় বিষয়টি গাংনী পৌরমেয়র ও প্রাক্তন ওসি ওবাইদুর রহমানকে জানানো হলে পুলিশ ও পৌরমেয়র কাজ বন্ধ করে দেন। ইতোমধ্যে উভয় পক্ষকে নিয়ে বসে সমাধানেরও আলোচনা চলছিল। হঠাত শরিফুল ওই পথে প্রাচীর দেয়া ছাড়াও খড়ির ঘর নির্মাণ করছেন। নির্মাণকাজ বন্ধ করতে বললে শরিফুল ইসলাম জানান, পৌর মেয়রের কাছ থেকে অনুমতি নেয়া হয়ছে।
এ ব্যাপারে পৌরমেয়র আশরাফুল ইসলাম জানান, উভয় পক্ষকে নিয়ে বসা কথা রয়েছে এবং নির্মাণকাজ বন্ধ রাখতে বলা হয়েছে। কোন অনুমতি দেয়া হয়নি। তাহলে কোন শক্তির বলে এরা নির্মাণকাজ করছেন ? এনিয়ে চলছে নানা আলোচনা সমালোচনা। দিশেহারা হয়ে পড়েছে ভুক্তভোগী পরিবারটি।

মেহেরপুরে খাদ্য বিভাগের আমন ধান সংগ্রহের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপিতে খাদ্যগুদামে অভ্যন্তরীণ জেলা খাদ্য

বিভাগের উদ্যোগে আমন ধান সংগ্রহের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মুহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আমন ধান সংগ্রহের শুভউদ্বোধন করেন ।

চলতি আমন মৌসুমে মেহেরপুর জেলায় ২৬ টাকা কেজি দরে ১১শ মেট্রিক টন ধান,এবং ৩৭ টাকা কেজি দরে ৪৯৫ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে।

এ সময় আরও উপস্থিত ছিলেন, সদর উপজেলা নির্বাহি অফিসার মাসুদুল আলম, মেহেরপুর জেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা আবদুল হামিদ, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপনকুমার খান, পিরোজপুর ইউনিয়নের

ব্যাথায় নীল মিথিলা, বাঁচাতে সাহায্য প্রয়োজন

মাত্র বছর তিনেক আগে পৃথিবীর আলো দেখেছে মিথিলা। তার আগমন উপলক্ষে তাকে ঘিরে সুখের অনুভূতিগুলো এখনও হয়তো চোখ বন্ধ করলে দেখতে পায় তার বাবা-মা। জন্ম থেকেই শিশুটির অসুস্থ থাকলেও বুঝতে পারেননি তারা।

সম্প্রতি হার্টের সমস্যার দুঃসংবাদ সকল সুখের অনুভূতি ভুলিয়ে দিয়েছে তাদের। যে সন্তানকে ঘিরে তাদের স্বপ্নের শেষ ছিল না, সেই মিথিলাকে বাঁচানোই এখন কঠিন হয়ে পড়েছে বাবা-মায়ের। কিছুদিন হলো মিথিলার হার্টে একটি ব্লক ও ছিদ্র ধরা পড়েছে। ডাক্তার পরামর্শ দিয়েছেন, দ্রুত সময়ের মধ্যে অপারেশন করলে হয়তো বেঁচে যাবে মিথিলার।

ডাক্তার আরও জানিয়েছেন, তার অপারেশনসহ চিকিৎসা বাবদ খরচ হবে প্রায় ২ লাখ টাকা। কিন্তু পরিবারের সেই টাকা জোগাড় করার মতো অবস্থা নেই। যা ছিল, এতদিন চিকিৎসা করাতে শেষ হয়ে গেছে। কোনো

উপায় না থাকায় একমাত্র মেয়ে সন্তানকে বাঁচাতে হৃদয়বান মানুষদের দৃষ্টি চেয়েছেন মুজিবনগর উপজেলার গৌপিনাথপুর গ্রামের বাসিন্দা মো. শরিফুল ইসলাম।

মিথিলার বাবা মো. শরিফুল ইসলাম একজন দিনমুজর। একমাত্র উপার্জনকারী তিনি। অনেক কষ্টে চলে তাদের সংসার। এরই মাঝে সন্তানের এমন সংবাদে ভেঙে পড়েছেন তিনি।

মিথিলার মা জানান, কষ্ট করে কিছু টাকা জোগাড় করে মিথিলাকে নিয়ে ঢাকা হার্ট ফাউন্ডেশনে নিয়ে গেছিলাম। ডাক্তার কয়েকটি টেস্ট করে জানিয়েছেন আমার মেয়ে হার্টে একটি ছিদ্র ও ব্লক রয়েছে। মাঝে মধ্যে ব্যাথায় নীল হয়ে যায় মেয়ে। তাড়াতাড়ি নাকি অপারেশন করাতে হবে। অনেক টাকার প্রয়োজন। আমাদের তো এত টাকা নেই। আমার স্বামী অন্যের বাড়িতে কামলা দিয়ে পরিবার চালায়। এখন এত টাকা কোথায় পাই। এমতাবস্থায় সমাজের বিত্তবানদের কাছে সাহায্য চেয়েছে অসহায় বাবা- মা।

সাহায্য পাঠাতে মোবাইলঃ বিকাশ 01932163127 নগদ 01932163127 রকেট 0193216312379